গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং(একাডেমিক ভবন)
শেরেবাংলা নগর,ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

২৭/০৮/১৪২৪ বাংলা।
নথিঃ ডিজিএনএম/শা-৩/৪টি-৬৩(পার্ট-০১)/ভর্তি-২০১৭-১৮/ ৭২৬৮ তারিখঃ-------------
১১/১২/২০১৭খ্রিঃ।

## ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং কোর্স এ ভর্তি বিজ্ঞপ্তি

**২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা এর আওতাধীন নিম্নবর্ণিত ১১(এগার)টি সরকারি নার্সিং কলেজে ০৪(চার) বছর মেয়াদী ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং কোর্সে ১ম বর্ষে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য অন-লাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।**

| Code Number | Name of The Nursing College | Name of the Course | Number of Seat |
|---|---|---|---|
| 39 | Dhaka Nursing College, Dhaka | Bachelor of Science in Nursing | 100 |
| 40 | Rajshahi Nursing College, Rajshahi | Bachelor of Science in Nursing | 100 |
| 41 | Chittagong Nursing College, Chittagong | Bachelor of Science in Nursing | 100 |
| 42 | Mymensingh Nursing College, Mymensingh | Bachelor of Science in Nursing | 100 |
| 43 | Rangpur Nursing College, Rangpur | Bachelor of Science in Nursing | 100 |
| 44 | Sylhet Nursing College, Sylhet | Bachelor of Science in Nursing | 100 |
| 45 | Barisal Nursing College, Barisal | Bachelor of Science in Nursing | 100 |
| 46 | Dinajpur Nursing College, Dinajpur | Bachelor of Science in Nursing | 100 |
| 47 | College of Nursing, Shere Banglanagar, Dhaka | Bachelor of Science in Nursing | 100 |
| 48 | Manikgonj Nursing College, Manikgonj | Bachelor of Science in Nursing | 100 |
| 49 | Tajuddin Ahmad Nursing College, Gazipur | Bachelor of Science in Nursing | 100 |
| | | **Total** | **1100** |

**ভর্তির জন্য প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য শর্তাবলীঃ-**

১। আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

২। বিজ্ঞান বিভাগে জীববিজ্ঞান বিষয়ে পাসসহ এইচ.এসসি বা সমমানের পরীক্ষায় ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালে পাস করেছেন তারাই কেবলমাত্র আবেদন করতে পারবেন।

৩। আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতাঃ এস.এসসি বা সমমান এবং এইচ.এসসি বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত জিপিএ- এর যোগফল ন্যূনতম ৬.০০ থাকতে হবে। কোন অবস্থাতেই এস.এসসি বা সমমান এবং এইচ.এসসি বা সমমানের পরীক্ষায় জিপিএ (গ্রেড পয়েন্ট এভারেজ) ২.৫০ এর নিচে গ্রহণ যোগ্য হবে না।

৪। প্রার্থীকে অবিবাহিত ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।

৫। শুধুমাত্র MCQ পদ্ধতিতে লিখিত পরীক্ষার মাধ্যমে প্রার্থী নির্বাচন করা হবে।

৬। ভর্তি পরীক্ষার আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ এবং ফলাফল চূড়ান্তকরণ ইত্যাদি কার্যক্রম কম্পিউটারের মাধ্যমে করা হবে। সকল উত্তরপত্র ওএমআর( OMR) মেশিনে মূল্যায়ন করা হবে।

৭। জাতীয় মেধা কোটা ৬০%,অতঃপর মুক্তিযোদ্ধা কোটার জন্য ( মুক্তিযোদ্ধার সন্তান/ সন্তানদের সন্তান) ২২টি আসন সংরক্ষণের পর অবশিষ্ট আসনের ৪০% জেলা কোটার ভিত্তিতে নির্বাচন করা হবে। উল্লেখিত ১১(এগার)টি নার্সিং কলেজের মোট আসন সংখ্যার অনধিক ১০% আসন পুরুষ প্রার্থী কর্তৃক পূরণ করা হবে।

৮। যুক্তিযুক্ত সংখ্যক মেধাভিত্তিক অপেক্ষমান তালিকা প্রকাশ করা হবে এবং মেধা ভিত্তিকভাবে নির্বাচিত প্রার্থীগণ ভর্তির পর শুন্য আসনে ( যদি শুন্য থাকে) অপেক্ষমান তালিকা হতে মেধাভিত্তিক ভর্তি করা হবে।

৯। প্রার্থী কোন প্রতিষ্ঠানে ভর্তির সুযোগ পাবে তা নির্ভর করবে লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর প্রার্থীর দেয় পছন্দের ক্রমানুসারে। নির্বাচিত প্রার্থী তার প্রাপ্ত নম্বর অনুযায়ী পছন্দনীয় প্রতিষ্ঠানে ভর্তির সুযোগ না পেলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক প্রাপ্ত নম্বরের ভিত্তিতে অন্য যে কোন প্রতিষ্ঠানে ভর্তি হতে পারবেন।

**১০। বর্ণিত কোর্সে ভর্তির জন্য আবেদনের নিয়মাবলীঃ**

**ক)** প্রার্থী যে সেন্টারে পরীক্ষা দিতে ইচ্ছুক সে সেন্টারের কোড নম্বর আবেদন করার সময় এসএমএস এর মাধ্যমে অবশ্যই উল্লেখ করতে হবে। সেন্টারের নাম ও কোড নম্বর নিম্নরূপঃ

| NAME OF EXAM: CENTER | CODE NUMBER |
|---|---|
| **DHAKA** | **1** |
| **CHITTAGONG** | **2** |
| **RAJSHAHI** | **3** |
| **KHULNA** | **4** |
| **SYLHET** | **5** |
| **BARISAL** | **6** |
| **RANGPUR** | **7** |

**খ)** বর্ণিত কোর্সে আবেদনের জন্য টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে মেসেজ অপশনে গিয়ে **DGNM <space> H <space> HSC** শিক্ষাবোর্ডের নামের প্রথম তিন অক্ষর **<space> HSC** পরীক্ষার রোল নম্বর **<space> HSC** পাসের সন **<space> SSC** শিক্ষাবোর্ডের নামের প্রথম তিন অক্ষর **<space> SSC** পরীক্ষার রোল নম্বর **<space> SSC** পাসের সন **<space>** বর্ণিত সেন্টার কোড **<space>** কাঙ্খিত কোটার কী-ওয়ার্ড লিখে ১৬২২২ নম্বরে **SMS** করতে হবে। তবে কোটায় আবেদন না করলে কোটার কোন কী-ওয়ার্ড লিখার প্রয়োজন নাই।

**কোটার কী- ওয়ার্ডঃ** মুক্তিযোদ্ধার জন্য FF

শিক্ষাবোর্ডের কী-ওয়ার্ড ঃ চট্টগ্রাম- **CHI,** ঢাকা- **DHA,** রাজশাহী- **RAJ,** যশোর- **JES,** কুমিল্লা- **COM,** সিলেট- **SYL,** বরিশাল- **BAR,** দিনাজপুর- **DIN,** মাদ্রাসা- **MAD**

উদাহরণঃ **DGNM H DHA 123456 2017 DHA 123458 2015 39, 40, 41, 42, 45, 43, 46, 44, 47, 48 1 FF and send to 16222.** উদাহরণটিকে দেখানো হয়েছে যে, আবেদনকারী ঢাকা শিক্ষাবোর্ড হতে **HSC SSC** যথাক্রমে ২০১৭ ও২০১৫ সালে পাস করেছেন। সেখানে তার রোল নম্বর ছিল ১২৩৪৫৬ ও ১২৩৪৫৮ এবং বর্ণিত কোর্সে ভর্তির জন্য তার পছন্দক্রম যথাক্রমে ঢাকা নার্সিং কলেজ, ঢাকা, চট্টগ্রাম নার্সিং কলেজ, চট্টগ্রাম, রংপুর নার্সিং কলেজ, রংপুর, ময়মনসিংহ নার্সিং কলেজ, ময়মনসিংহ, বরিশাল নার্সিং কলেজ, বরিশাল, রাজশাহী নার্সিং কলেজ, রাজশাহী, দিনাজপুর নার্সিং কলেজ, দিনাজপুর, সিলেট নার্সিং কলেজ, সিলেট, কলেজ অব নার্সিং, শেরে বাংলা নগর,ঢাকা ও মানিকগঞ্জ নার্সিং কলেজ, মানিকগঞ্জ। সে ঢাকা সেন্টারে পরীক্ষা দিতে ইচ্ছা প্রকাশ করেছেন এবং **39, 40, 41, 42, 45, 43, 46, 44 ,47, 48 1 FF** মুক্তিযোদ্ধা কোটায় আবেদন করেছেন।

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য কারিকুলামের প্রার্থীগণ শিক্ষাবোর্ডের নামের যায়গায় **OTH** লিখে **SSC**এবং **HSC Roll** ও পাসের সন লিখে উপরের নিয়মে **SMS** করবেন। উপরের ম্যাসেজটি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি ম্যাসেজ- এ আবেদনকারীর নাম ও একটি পিন্ নম্বর জানিয়ে ভর্তির আবেদন ফি বাবদ ৭০০(সাতশত) টাকা মাত্র কর্তনের সম্মতি চাওয়া হবে। নিম্নবর্ণিত নিয়মানুযায়ী আবেদনকারীকে আরেকটি **SMS** পাঠিয়ে সম্মতি জানাতে হবে। **DGNM <space> H <space> Yes<space> PIN** নম্বর **<space>** আবেদনকারীর মোবাইল নম্বর (যে কোন অপারেটরের) লিখে **SMS** পাঠাতে হবে। পরবর্তী

সময়ের জন্য PIN নম্বরটি অবশ্যই সংরক্ষণ করতে হবে।

উদাহরণঃ **DGNM H YES 654321 01 XXXXXXXXX**

এ উদাহরণে প্রদর্শিত আন্ডারলাইনকৃত জায়গায় যথাক্রমে আবেদনকারীর নিজ PIN নম্বরটি এবং যোগাযোগের জন্য একটি মোবাইল নম্বর দিতে হবে মর্মে বোঝানো হয়েছে। উল্লেখ্য যে, সম্মতি জানিয়ে SMS পাঠালেই কেবল আবেদনকারীর মোবাইল ফোন হতে সার্ভিস চার্জসহ ভর্তি পরীক্ষার ফি বাবদ ৭০০(সাতশত)টাকা মাত্র কেটে নেওয়া হবে। সম্মতি জানিয়ে আবেদন করার পর সে আবেদন আর প্রত্যাহার করা যাবে না। আবেদনকারীর টেলিটক প্রি-পেইড মোবাইলে পর্যাপ্ত পরিমান টাকা থাকলে তা হতে ভর্তি পরীক্ষার নির্ধারিত ফি কেটে নেওয়ার পর SMS এর মাধ্যমে একটি User ID ও Password জানিয়ে দেওয়া হবে।

গ) **প্রবেশপত্র ডাউনলোডঃ**

আবেদন শেষে প্রবেশপত্র ডাউনলোড বিষয়ে প্রার্থীদিগকে SMS এর মাধ্যমে জানানো হবে এবং নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েব-সাইটে (http://dgnm.teletalk.com.bd) থেকে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে। যোগ্য প্রার্থীদেরকে প্রবেশপত্রের জন্য প্রথমে ০১(এক) কপি পাসপোর্ট সাইজের (File size not more than 100kb) রঙ্গিন ছবি স্ক্যান করে অথবা ডিজিটাল ক্যামেরায় ছবি উঠিয়ে ৩০০ × ৩০০ পিক্সেল সাইজের জেপিজি ফরমেট সেইফ করতে হবে। প্রবেশপত্র ডাউনলোড করতে (http://dgnm.teletalk.com.bd) গিয়ে প্রথমে **নিজ নিজ User ID ও Password** ইনপুট দিতে হবে। প্রদত্ত ইনপুট সঠিক হলে নিজ নিজ জেলা সিলেক্ট করা এবং ফটো আপলোড করার অপশন পাওয়া যাবে। নিজ নিজ জেলা সিলেক্ট করা এবং ফটো আপলোড করা হলে প্রবেশপত্র ডাউনলোড করে A4 সাইজের কাগজে প্রিন্ট করে নিতে হবে। **প্রিন্টকৃত কপিতে লিখা প্রার্থীর দস্তখত এর উপরে প্রার্থীকে স্বাক্ষর করে কপিটি সংরক্ষণ করতে হবে।**

১১। নির্বাচিত প্রার্থীকে ভর্তির সময় নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবেঃ

ক) শিক্ষাবোর্ড হতে প্রাপ্ত SSC বা সমমান ও HSC বা সমমান পরীক্ষার মূল/ সাময়িক সার্টিফিকেট।

খ) শিক্ষাবোর্ড হতে প্রাপ্ত SSC বা সমমান ও HSC বা সমমান পরীক্ষার মূল গ্রেডসিট।

গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি সত্যায়িত (প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক ) রঙ্গিন ছবি।

ঘ) মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সাম্প্রতিক সময়ে ইস্যুকৃত সনদপত্র এবং ওয়ার্ড কমিশনার অথবা ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধার সহিত প্রার্থীর সর্ম্পক বিষয়ক প্রতিবেদন/ প্রত্যয়ন।

১২। অন্যান্য লক্ষণীয় বিষয়াবলীঃ

ক) ভর্তি সংক্রান্ত বিষয়ে ভুল তথ্য সরবরাহকারীর ভর্তি কর্তৃপক্ষ অবগত হওয়া মাত্রই ভর্তি বাতিল হয়ে যাবে।

খ) ভর্তি সংক্রান্ত নিয়মাবলীর যেকোন ধারা, উপধারা পরিবর্তন,সংশোধন,সংযোজন ও পুনঃসংযোজনের এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩। কোর্স চলাকালীন সুযোগ-সুবিধা ও বিধি-নিষেধঃ

ক) কোর্স চলাকালীন সময়ে অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ণ করতে পারেবেন না;

খ) সিলেবাস/ কারিকুলাম অনুযায়ী তাত্বিক শিক্ষা দিবা ও নৈশকালীন ব্যবহারিক (ক্লিনিক্যাল প্রাকটিস) প্রশিক্ষণে অংশ গ্রহণ করতে হবে;

গ) কোর্সে অধ্যয়ণকালীন সময়ে নির্ধারিত হারে মাসিক বৃত্তিভাতা (স্টাইপেন্ড) প্রদান করা হবে;

ঘ) কোর্স চলাকালীন সময়ে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল কর্তৃক প্রনীত বিধি-বিধান ও নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের নিয়ম-শৃঙ্খলা যথাযথভাবে মেনে চলতে হবে;

ঙ) পুরুষ প্রার্থীকে নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করতে হবে;

চ) কোর্সে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

ছ) কোর্স সমাপ্তির পর সরকারি চাকুরির কোন নিশ্চয়তা প্রদান করা হবে না;

জ) কোর্সে অধ্যয়ণকালীন মাইগ্রেশন(অভিপ্রয়ান/ বদলী) সম্পূর্ণভাবে বন্ধ থাকবে;

ঝ) ফলাফল সংক্রান্ত যে কোন ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হলে তা সংশোধনে কেন্দ্রীয় নির্বাচন কমিটি/ ভর্তি কমিটি ক্ষমতা সংরক্ষণ করেন।

ঞ) অসম্পূর্ণ বা ভুল তথ্য প্রদানের প্রমাণ পাওয়া গেলে প্রার্থীর নির্বাচনী ফলাফল বাতিল বলে গণ্য হবে।

১৪। ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে কেন্দ্রীয় নির্বাচন কমিটি/ ভর্তি কমিটির সিদ্ধান্তই চুড়ান্ত সিদ্ধান্ত বলে বিবেচিত হবে।

১৫। ভর্তি পরীক্ষার সময়সূচীঃ

| | |
|---|---|
| অন- লাইনে আবেদন শুরুর তারিখ | ১৭/১২/২০১৭খ্রিঃ সকাল ১০.০০ঘটিকা হতে |
| অন- লাইনে আবেদনের শেষ তারিখ | ৩১/১২/২০১৭খ্রিঃ রাত ১১.৫৯মিনিট পর্যন্ত |
| অন-লাইনে টাকা জমা দেওয়ার শেষ তারিখ | ০৩/ ০১/২০১৮খ্রিঃ তারিখ রাত ১১.৫৯মিনিট পর্যন্ত |
| অন-লাইনে প্রবেশপত্র সংগ্রহের শেষ তারিখ | ১৫/০১/২০১৮খ্রিঃ তারিখ হতে ২০/০১/২০১৮খ্রিঃ তারিখ রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত |
| ভর্তি পরীক্ষার তারিখ | ২৬/০১/২০১৮খ্রিঃতারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে সকাল ১১.০০ ঘটিকা |

১৬। এ বিজ্ঞপ্তি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েব-সাইট ( www.dgnm.gov.bd) এ নম্বরে পাওয়া যাবে।

১১.১২.১৭

তন্দ্রা শিকদার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,ঢাকা।